



## নির্বাচনে দুটি পক্ষ ন্যায়ভিত্তিক বনাম বৈষম্যভিত্তিক: আখতার হোসেন



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে দেশের রাজনীতিতে স্পষ্ট দুটি ধারা দেখা দিয়েছে। জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব ও সংসদ প্রার্থী আখতার হোসেন বলেন, একটি পক্ষ সংস্কার ও বিচার প্রতিষ্ঠার পক্ষে, আরেকটি পক্ষ সেই প্রক্রিয়াকে এড়িয়ে যেতে চায়।

সোমবার (২৬ জানুয়ারি) রাতে কাউনিয়ার টেপামধুপুর ইউনিয়নের কারবালার মাঠে নির্বাচনী জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, একটি পক্ষ আধিপত্য ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়তে চায়, যেখানে মানুষ স্বাধীনভাবে জীবন যাপন করতে পারবে। অন্য পক্ষ চাইছে গোলামীভিত্তিক, বৈষম্যমূলক একটি সমাজ।

তিনি বলেন, এখন সময় এসেছে নাগরিকদের সিদ্ধান্ত নেওয়ার—আমরা কোন বাংলাদেশের পক্ষে থাকব। স্বাধীনচেতা, ন্যায়ভিত্তিক “আজাদির বাংলাদেশ”—এর পক্ষে থাকতে হলে ১১ দলীয় জোটের সমর্থন ছাড়া বিকল্প নেই।

আখতার হোসেন আরও জানান, যদি আল্লাহ তাঁকে ‘শাপলা কলি’ মার্কীয় সংসদে পাঠান, তবে শুধু পীরগাছা-কাউনিয়া নয়, পুরো রংপুর অঞ্চলের বৈষম্য ও উন্নয়নবঞ্চনার বিষয়গুলো সংসদে তুলে ধরবেন এবং সমাধানের জন্য কার্যকর পদক্ষেপ নেবেন।